দৈনিক সংবাদ

তারিখ 03 MAR 1990
পৃষ্ঠা 8 . . 2

## প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ইংরেজী চালু করা হোক

প্রতি বছর প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় বাংলা, অংক, বিজ্ঞান ও সমাজ বিষয়গুলো থাকে। কিন্তু ইংরেজী থাকে না। ইংরেজী হচ্ছে একটি আন্তর্জাতিক ও গুরুত্বপূর্ণ ভাষা। এ বিষয়ে প্রায় ছাত্র/ছাত্রীই খুব একটা মনোযোগী নয়। প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ইংরেজী থাকে না বলে বৃত্তি পরীক্ষার্থীরা ইংরেজী বইটা নিয়মিত পড়ে না। এমনকি ক্লাসেও এই বিষয়টার প্রতি গুরুত্ব দেয়া হয় না। এতে বৃত্তি পরীক্ষার্থীরা বার্ষিক বা সমাপনী পরীক্ষায় ভাল নম্বর পায় না। পূর্ণ একটি বছর নিয়মিত ইংরেজী পড়া হয় না বলে ষষ্ঠ শ্রেণীতে ছাত্র/ছাত্রীরা ইংরেজী বিষয়টিতে খুবই কাঁচা হয়ে পড়ে।

তাই প্রাথমিক শিক্ষার উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে অনুরোধ-৮ম শ্রেণীর মত প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ইংরেজী নেয়া হোক।

নূরুল ইসলাম মিতা
ষ্টেশন রোড, গৌরীপুর,
ময়মনসিংহ।